



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)  
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

[www.banbeis.gov.bd](http://www.banbeis.gov.bd)



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০০২.১৯/৪৬১০

তারিখ: ১৫ কার্তিক ১৪২৮  
৩১ অক্টোবর ২০২১


### বিজ্ঞপ্তি

**বিষয়ঃ অনলাইনে মাস্টার ট্রেইনার নির্বাচন।**

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) এর উদ্ভাবনী উদ্যোগ এর অংশ হিসেবে উপজেলা আইসিটি ট্রেইনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)- তে শিক্ষকগণকে আইসিটি ট্রেইনিং প্রদানের উদ্দেশ্যে অনলাইনের মাধ্যমে মাস্টার ট্রেইনার নির্বাচন করার প্রক্রিয়াটি বাস্তবায়ন করা হয়েছে। নির্বাচিত মাস্টার ট্রেইনারগণ উপজেলা পর্যায়ে রিসোর্স পার্সন হিসেবে প্রশিক্ষণ প্রদান করবেন। উপজেলা পর্যায়ে শিক্ষকদের আইসিটি সক্ষমতা বৃদ্ধিতে অনলাইনের মাধ্যমে মাস্টার ট্রেইনার নির্বাচন প্রক্রিয়াটি নিয়মিত ভিত্তিতে চলমান থাকবে। অনলাইনে মাস্টার ট্রেইনার নির্বাচন সংক্রান্ত প্রক্রিয়া নিম্নোক্ত ওয়েব লিংক এর মাধ্যমে পরিচালিত হবে:

<https://forms.gle/DPNsVPvt8DBsdYDv7>

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।



(মো: কামরুল রহমান)

পরিচালক

☎ ৫৫১৫২১০২

ই-মেইল: [director@banbeis.gov.bd](mailto:director@banbeis.gov.bd)

অধিদপ্তর/ দপ্তর/ সংস্থার নাম: বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

## ১। উদ্ভাবনের শিরোনাম: অনলাইন মাস্টার ট্রেইনার নির্বাচন

### ২। কীভাবে যাত্রা শুরু/ পটভূমি:

#### -বিদ্যমান সমস্যা/ চ্যালেঞ্জসমূহ:

শিক্ষায় আইসিটি প্রসারের লক্ষ্যে উপজেলা পর্যায়ে শিক্ষকবৃন্দকে আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হয়। প্রশিক্ষণ প্রদানের জন্য বানানো হয় মাস্টার ট্রেইনার। উপজেলা পর্যায়ে UITRCE এর সহকারী প্রোগ্রামার/ উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মাস্টার ট্রেইনার মনোনীত করেন। এক্ষেত্রে:

- যোগ্যতর প্রার্থী মনোনীত করার জন্য কোন মানদণ্ড নেই।
- স্থানীয় তদবিরও সুপারিশ যোগ্য মাস্টার ট্রেইনার মনোনয়নে প্রতিবন্ধক।
- কোথাও মাস্টার ট্রেইনার এর পদ শূন্য হলে পুনরায় মনোনয়ন কার্যক্রম গ্রহণ করতে হয় যা সময় সাপেক্ষ এবং কার্যক্রম মনিটরিং এ কোন কর্মকর্তা প্রেরণ করতে হলে তা খরচ সাপেক্ষ।

#### - অনুপ্রেরণার উৎস:

এটুআই এর ইনোভেশন প্রশিক্ষণ থেকে উদ্বুদ্ধ হয়ে প্রস্তাবিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গুগল সহ বিশ্বের অনেক বড় প্রতিষ্ঠান অনলাইনে পরীক্ষা নিয়ে জনবল সংগ্রহ করে। যা অনলাইন মাস্টার ট্রেইনার নির্বাচনে অনুপ্রেরণা হিসেবে কাজ করেছে।

#### - কী কী পদক্ষেপ গ্রহণ করা হয়েছিল:

- প্রশিক্ষণ সংশ্লিষ্ট ব্যক্তিদের নিয়ে সভা করা হয় ও ইনোভেশন আইডিয়া নিয়ে আলোচনা করা হয়।
- একটি মূল্যায়ন পদ্ধতি চূড়ান্ত করা হয়।
- অনলাইন পরীক্ষা গ্রহণে সফটওয়্যার প্রস্তুতির কাজ হাতে নেয়া হয় এবং পাইলটিং এর উদ্যোগ গ্রহণ করা হয়।
- মেধাক্রম অনুসারে মাস্টার ট্রেইনার এর পুল গঠনের সিদ্ধান্ত নেয়া হয় যাতে কোথাও পদ শূন্য হলে স্বল্পতম সময়ে নতুন মাস্টার ট্রেইনার নির্বাচিত করা যায়।

#### - বাস্তবায়নে চ্যালেঞ্জ কীভাবে মোকাবেলা করা হয়েছিল:

- প্রশিক্ষণ সংশ্লিষ্ট ব্যক্তিদের মতামত অনুসারে মূল্যায়ন ও পরীক্ষা পদ্ধতি গ্রহণ। মাঠ পর্যায়ের কর্মচারীদের এ কাজে উদ্বুদ্ধ করণ।
- উপজেলা প্রশাসন এর সহযোগিতা গ্রহণ।
- সম্পূর্ণ প্রক্রিয়া অনলাইন এ সম্পাদন।
- Need based প্রশিক্ষণ এর ব্যবস্থা গ্রহণ।

- টেকসইকরণে গৃহীত ব্যবস্থাটির বিবরণ:


- মাঠ পর্যায়ে স্টেকহোল্ডারদের সাথে মতবিনিময় এবং সমন্বয় সাধন করা হয়েছে।
- সফটওয়্যার নিজস্ব জনবল এর মাধ্যমে প্রস্তুত করা হয়েছে এবং নিজস্ব সার্ভারে হোস্ট করা হয়েছে।
- সফলভাবে পাইলটিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

বাস্তবায়নে আইসিটি বিভাগ, ব্যানবেইস।





বিষয়ঃ ন্যূনতম একটি উদ্ভাবন Online মাস্টার ট্রেনার নির্বাচন (প্রসেস ম্যাপ)



ব. বি. বি.

স্বাক্ষর